# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৩৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ যত সংখ্যক কিছু করেছেন এবং যত সংখ্যক তিনি সৃষ্টি করেছেন, ততসংখ্যক সুবহানাল্লাহ, আলহামদু লিল্লাহ, লা ইলাহা ইল্লাল্লাহ, আল্লাহু আকবার বলা

## ذِكْرُ الْأَمْرِ بِالتَّسْبِيحِ وَالتَّحْمِيدِ وَالتَّهْلِيلِ وَالتَّكْبِيرِ عَدَدَ مَا خَلَقَ اللَّهُ وَمَا هُوَ خَالِقُهُ

---

আরবী

834 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ سَعِيدَ بْنَ أَبِي هِلَالٍ حَدَّثَهُ عَنْ عَائِشَةَ بِنْتِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ عَنْ أَبِيهَا أَنَّهُ دَخَلَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى امْرَأَةٍ فِي يَدِهَا نَوًى ـ أَوْ حَصًى ـ تُسَبِّحُ فَقَالَ: (أَلَا أُخْبِرُكِ بِمَا هُوَ أَيْسَرُ عَلَيْكِ مِنْ هَذَا وَأَفْضَلُ؟ سُبْحَانَ اللَّهِ عَدَدَ مَا خَلَقَ فِي السَّمَاءِ وَسُبْحَانَ اللَّهِ عَدَدَ مَا خَلَقَ فِي الْأَرْضِ وَسُبْحَانَ اللَّهِ عَدَدَ مَا هُوَ خَالِقٌ وَاللَّهُ أَكْبَرُ مِثْلَ ذَلِكَ وَالْحَمْدُ لِلَّهِ مِثْلَ ذَلِكَ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ مِثْلَ ذَلِكَ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ مِثْلَ ذَلِكَ)

الراوي : سَعْد بْن أَبِي وَقَّاصٍ االمحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 834 | خلاصة حكم المحدث: منكر بذكر الحصى.

বাংলা

৮৩৪. সা‘দ বিন আবী ওয়াক্কাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে এক নারীর কাছে যান, যার হাতে ছিল খেজুরের বিচি অথবা কংকর, তা দিয়ে তিনি তাসবীহ পাঠ করছিলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমি কি তোমাকে এমন কিছুর সন্ধান দিবো না, যা তোমার জন্য এর চেয়ে সহজতর ও উত্তম হবে। সেটি হলো سُبْحَانَ اللَّهِ عَدَدَ مَا خَلَقَ فِي السَّمَاءِ (আল্লাহর প্রশংসা করছি, আসমানে যত সংখ্যক সৃষ্টি করেছেন) سُبْحَانَ اللَّهِ عَدَدَ مَا خَلَقَ فِي الْأَرْضِ (আল্লাহর প্রশংসা করছি, জমিনে যত সংখ্যক সৃষ্টি করেছেন), سُبْحَانَ اللَّهِ عَدَدَ مَا هُوَ خَالِقٌ (আল্লাহর প্রশংসা করছি, জমিনে যত সংখ্যক সৃষ্টি করেছেন), اللَّهُ أَكْبَرُ (আল্লাহ সবচেয়ে বড়) অনুরূপ সংখ্যায় বলবে, الْحَمْدُ لِلَّهِ (সমস্ত প্রশংসা

আল্লাহর জন্য) ও অনুরূপ সংখ্যায় বলবে, لَا إِلَهَ إِلَّا اللَّهُ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই), لَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ (ভালো কাজ করার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া) ও অনুরূপ সংখ্যক বলবে।”[1]

## ফুটনোট

[1] হাকিম: ১/৫৪৭-৫৪৮; আবূ দাঊদ: ১৫০০; তিরমিযী: ৩৫৬৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৭৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে ‘কঙ্কর পাথরের উল্লেখসহ’ মুনকার বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/২৫২।)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সা’দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89337

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন